

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.২২. ৯৬০


তারিখ: ২৪ জুলাই ২০২৩

বিষয়: দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায় (১ম সংশোধিত)” প্রকল্পের আওতায় উপজেলাভিত্তিক ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিত ছক মোতাবেক নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাসিক অগ্রগতি প্রতিবেদন ২৫ তারিখ ভিত্তিক প্রতি মাসের ২৬ তারিখের মধ্যে প্রকল্পের ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	বিবরণ	২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা	মন্তব্য
১	মহিলা সমিতি/দল গঠন	১২ টি	
২	মহিলা সদস্য অন্তর্ভুক্তি	৩০০ জন	
৩	সঞ্চয় আদায় (মহিলা সদস্য)	১২.০০ লক্ষ টাকা	
৪	সঞ্চয় আদায় (কিশোরী)	৪.৮০ লক্ষ টাকা	
৫	ক্ষুদ্র ঋণ বিতরণ	৩৫০.০০ লক্ষ টাকা	
৬	উদ্যোক্তা ঋণ বিতরণ	৫০.০০ লক্ষ টাকা	
৭	কিস্তি আদায়ের হার	ন্যূনতম ৮০%	আবশ্যিকভাবে কিস্তিতে ৮০% অর্থ আদায় নিশ্চিত করতে হবে
৮	মেয়াদোত্তীর্ণ খেলাপীর হার	০%	মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ০ (শূন্য) করতে হবে।

বি.দ্র. মেয়াদোত্তীর্ণ ঋণ কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২০%, ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ৫০%, ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে ৭৫% এবং ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে ১০০% আদায় নিশ্চিত করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলা:জেলা:..... (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।

২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

৬. অফিস নথি/গার্ডফাইল।